সেপ্টেম্বর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিতির তালিকা:-

| ক্রনং | নাম ও পদবী- | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১/ | মোঃ নুরুজ্জামান (চৌধুরী) | ০১৭১৪-৭২৬৯৪৪ | |
| ২/ | দীপক কুমার [illegible] UNO | ০১৭৭৪৪৬৪২৫৩ | |
| ৩/ | মোঃ [illegible] উদ্দিন | 01740981211 | |
| ৪/ | মহিউদ্দিন আহমেদ | 01726863536 | |
| ৫/ | মোঃ কামরুজ্জামান | 01745113361 | |
| ৬/ | মোঃ [illegible] হোসেন। | ০১৭১৬-৪৬৪৪০৩ | |
| ৭/ | মোঃ [illegible] রহমান | 01738678094 | |
| ৮/ | মোঃ আব্দুল [illegible] উপজেলা [illegible] অফিস | 01701529525 | |
| ৯/ | [illegible] | [illegible] | |
| ১০ | ডা: মোছা: হোসনেআরা খাতুন (veterinary surgeon) | 01762132223 | |
| ১১ | আবদুল মাজেদ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ১২ | [illegible] | উপজেলা শিক্ষা অফিসার | |
| ১৩ | মোঃ [illegible] | চেয়ারম্যান [illegible] | |
| ১৪ | মোঃ [illegible] | [illegible] | |
| ১৫. | মো: রুবেল সরকার, সহ. প্রোগ্রামার | 01741-641981 | |
| ১৬. | মোঃ [illegible] আলম লাভলু, SAE, DPHE | 01738-593724 | |
| ১৭ | মোঃ শাহিনুর আলম, পিআইও | 01716-604499 | |
| ১৮ | এম.এম. [illegible] হোসেন [illegible] M.C | [illegible] | |
| ১৯ | মোঃ রতন মিয়া [illegible] উন্নয়ন কর্মকর্তা | [illegible] | |
| ২০ | মোঃ [illegible] (চেয়ারম্যান, [illegible]) | 01747614951 | |
| ২১ | মোঃ রবিউল আলম [illegible] | 01719462118 | |

তারিখ: ২২/১২/২০২২

| ক্রম | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মোঃ মাহফুজুল ইসলাম [illegible] | 01734-075832 | [signature] |
| ২৩ | মো: আব্দুল্লাহ; [illegible] | ০১৭[illegible]৮৮১৪ | [signature] |
| ২৪ | মোঃ মতিন [illegible] চেয়ারম্যান [illegible] | 01794082365 | [signature] |
| ২৫ | ডা. উম্মে কুলসুম<br>সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ০১৩০৯ ২৪০-১৯৮ | Umme Qulsum |
| ২৬ | সুমন কুমার ভৌমিক<br>উপজেলা কৃষি অফিসার | ০১৭২৮-১০৬৮১৮ | [signature] |
| | সহ-কমিশনার (ভূমি) | | [signature] |
| ২৭ | প্রকৌ: মো: মনোয়ারুল হাসান<br>উপজেলা প্রকৌশলী | | [signature] |
| ২৮ | মোঃ রায়হান হক<br>URDO | 01712747049 | [signature] |
| ২৯ | মো. আতিকুর রহমান<br>ইন্সট্রাক্টর, ইউআরসি | 01717899965 | [signature] 22.12.2022 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০০২.২২-১১৩৬

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৯
১৫ ডিসেম্বর ২০২২

# "সভার নোটিশ"

আগামী ২২ ডিসেম্বর ২০২২ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে ডিসেম্বর ২০২২ মাসের মাসিক সাধারণ/সমন্বয় সভা উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভায় উপস্থাপনযোগ্য কোন বিষয় থাকলে তা আগামী ২১/১২/২০২২ তারিখের মধ্যে লিখিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
ফোন নম্বর ঃ ০৫৮২২-৫৬০২৫
ই-মেইল ঃ unobhurungamari@mopa.gov.bd

১। উপজেলা ................................................ অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২। চেয়ারম্যান ....................................ইউনিয়ন পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। জনাব ..........................................................
.....................................................................
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ

১। জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫-কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২২ ডিসেম্বর ২০২২ বেলা ঃ ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

**(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে বিজয়ের মাসে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধের শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১ <u>বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ</u>

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

২ <u>উপজেলা প্রকৌশল দপ্তরঃ</u>

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়য়ের মধ্যে ১৯টি বিদ্যালয়ের কাজ চলমান। ভোটহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন ও গাছ অপসারণ প্রক্রিয়াধীন থাকায় বিদ্যালয়ের কাজ আপাতত বন্ধ রয়েছে। Provati প্রকল্পের মাধ্যমে মুক্তিযোদ্ধা বাজারের কাজ চলমান। এ ছাড়া থানাঘাট টু সাহেবগঞ্জ বর্ডার রোড এর কাজ চলমান। IRIDP-3 প্রকল্পের মাধ্যমে ৪টি প্যাকেজের কাজ চলমান। FDDRRIRP প্রকল্পের মাধ্যমে ১টি ব্রীজের কাজ সমাপ্ত হয়েছে এবং ১টি ব্রীজের কাজ চলমান। SupRb প্রকল্পের আওতায় দুইটি দুইভেন্ট বক্স কালভার্ট এর কাজ চলমান। দেশব্যাপী গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (CRMIDP) এর মাধ্যমে পাগলারহাট হাটসেড নির্মাণ কাজ চলমান। GOBM প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ৩ টি রাস্তার কাজ চলমান।

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ০৪ (চার) টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। যথা (১) কৃষক সুরক্ষা কেন্দ্র নির্মান এবং পাইলট উচ্চ বিদ্যালয় মেরামত করণ। (২) সাদ্দামমোড়- হাসপাতাল পর্যন্ত আরসিসি ড্রেন এবং বলদিয়া মিনা বাজারে ব্রিক ড্রেন ও ইউড্রেন নির্মাণ। (৩) ভূরুঙ্গামারী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহ করণ। (৪) ভূরুঙ্গামারী উপজেলাধীন বিভিন্ন রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপনের সমাপ্ত হয়েছে। ঠিকাদারকে চূড়ান্ত বিল প্রদানের জন্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যা সভায় আলোচনান্তে অনুমোদিত হয়।

ভোটহাট জিপিএস এর অনুমোদিত Master Plan এ বর্ণিত Layout Plan অনুযায়ী বাস্তবায়ন করলে বিদ্যালয়ের মাঠ সংকুলান হয় এবং সৌন্দর্য নষ্ট হয়। সংশোধিত Layout Plan অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও উপজেলা কমপ্লেক্স ভবনের ওয়াশ রুম মেরামত করণ বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব খাত থেকে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা সদরে (নন্-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ভূরুঙ্গামারী থানা হেড কোয়াটার হতে ডিগ্রী কলেজ রাস্তায় (আইডি নং-১৪৯০৬৪০২৭) ড্রেন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় ভূরুঙ্গামারী হাটের পশ্চিম পার্শ্বে (স্বপন কুমার সাহার বাসার পশ্চিম পার্শ্বে) ক্রীড়া কমপ্লেক্সের স্থান প্রাথমিক ভাবে নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ADP প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, এডিপি'র ১ম কিস্তি বাবদ ১৭,১২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির চার গুণ ১৭,১২,০০০ × ৪ = ৬৮,৪৮,০০০/- টাকা ও রাজস্ব উদ্বৃত ৫০,৪৮,৫১১/- টাকাসহ সর্বমোট ১,১৮,৯৬,৫১১/- (এক কোটি আঠারো লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচ শত এগারো ) টাকার ৩০% পিআইসি ও অবশিষ্ট অর্থের প্রকল্পসমূহ টেন্ডার/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ যাচাই বাছাই কমিটি কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নসহ প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ</u>

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডাঃ উম্মে কুলসুম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বিশেষ করে শীত জনিত কারণে শিশু ও বৃদ্ধদের স্বাস্থ্য সেবার প্রতি সজাগ থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ

উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি ডাঃ মোছাঃ হোসনে আরা খাতুন, ভেটেরিনারি সার্জন সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৫ উপজেলা শিক্ষা অফিস ঃ

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান আগামী ৩০ ডিসেম্বর ২০২২ তারিখ প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের নিমিত্ত ইতোমধ্যে সকল কার্যক্রম সম্পাদন করা হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের স্বার্থে তিনি সভায় সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ প্রাথমিক বৃত্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সকল কার্যক্রম সম্পন্ন করাসহ প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা রিসোর্স সেন্টার থেকে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকগণকে তাদের প্রশিক্ষণ কাজে লাগিয়ে প্রাথমিক শিক্ষার মান উন্নত পর্যায়ে রাখার জন্য/মনিটরিং করার জন্য ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ উপজেলা কৃষি অফিস ঃ

উপজেলা কৃষি অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। চলতি মৌসুমে আবহাওয়া অনুকূলে থাকায় আমন ফসল লক্ষ্যমাত্রার চেয়ে বেশি উৎপাদন হয়েছে মর্মে সভায় উপজেলা কৃষি অফিসার অবহিত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক কোন জমি যেন অনাবাদি না থাকে সে দিকে খেয়াল রাখার জন্য সভায় উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় বলেন গুদাম থেকে প্রণোদনা কর্মসূচির আওতায় বীজ/সার বাহিরে যাওয়ার বিষয়টি খতিয়ে দেখতে হবে। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপ-সহকারী কৃষি কর্মকর্তাদেরকে নিয়ে মাঝে মাঝে আলাপ আলোচনার মাধ্যমে ছোটখাটো সমস্যাগুলো সমাধানের জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করেন। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত বীজ ও সার বিতরণে ইউপি চেয়ারম্যানদের সাথে পরামর্শ করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখাসহ কৃষকদেরকে বিভিন্ন ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করতে উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান আগামী সপ্তাহ থেকে চলতি মৌসুমে ধান ক্রয় কার্যক্রম শুরু করা হবে। এ কার্যক্রমকে সফল করতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ সরকার নির্ধারিত মূল্যে এবং লক্ষ্যমাত্রা অর্জনে ধান/চাল ক্রয়ের জন্য ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান বাড়াতে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান আলোচ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমকে আরো সক্রিয় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে তার দপ্তরের কার্যক্রম গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ **ইসলামিক ফাউন্ডেশন ঃ**

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন এর প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ ইসলামিক ফাউন্ডেশন এর কার্যক্রম গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ **উপজেলা সমাজসেবা অফিস ঃ**

উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ **কাস্টমস বিভাগ ঃ**

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরো জানান ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (কাবিটা, কাবিখা ও টিআর) কর্মসূচির ১ম পর্যায় প্রকল্প তালিকা জেলা কমিটি থেকে অনুমোদন হয়েছে। প্রকল্প বাস্তবায়ন সময়সীমা ৩০/১১/২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। এখনো নতুন করে সময় বৃদ্ধি হয়নি। সময় বৃদ্ধি হলে প্রকল্পের বিপরীতে অর্থ ছাড় করা হবে। ইজিপিপি কার্যক্রম চলমান আছে। উপকারভোগীদের ১৫ দিনের বিল পরিশোধের জন্য অধিদপ্তরে পাঠানো হয়েছে। এ উপজেলায় দুইটি গার্ডার ব্রীজের কার্যক্রম চলমান আছে। চলমান শীত মৌসুমে শীতবস্ত্র বিতরণ হয়েছে।

সিদ্ধান্ত ঃ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) কাজের তদারকি জোড়দার করার জন্য ট্যাগ অফিসারগণকে পরামর্শ প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম গতিশীল রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ট্যাগ অফিসার/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ **মৎস্য বিভাগঃ**

উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ **সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **আইসিটি বিভাগঃ**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার ওয়েব পোর্টাল হালনাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ওয়েব পোর্টাল হালনাদ না করা বিভিন্ন সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ সমূহকে হালনাদ করা জন্য সভা পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **বনবিভাগ ঃ**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম বিভিন্ন ফাঁকা জায়গায় বাগান সৃষ্টির উদ্যোগ গ্রহণের জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানান।

বাস্তবায়নঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

জনাব মোঃ রবিউল আলম, ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার জনাব মহিউদ্দিন আহম্মেদ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড সভায় বীর মুক্তিযোদ্ধা মোঃ খয়বর আলীর নামে রোডস এন্ড হাইওয়ে টু গছিডাঙ্গা রেল লাইন পর্যন্ত রাস্তাটির নামকরণ করার জন্য সভায় প্রস্তাব রাখেন। তিনি সভায় আরো জানান সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নামে রাস্তাটির নামকরণে প্রয়োজনীয় অর্থ তার পরিবার বহন করবেন। বীর মুক্তিযোদ্ধা মোঃ খয়বর আলীর নামে রোডস এন্ড হাইওয়ে টু গছিডাঙ্গা রেল লাইন পর্যন্ত রাস্তার নামকরণ বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বীর মুক্তিযোদ্ধা মোঃ খয়বর আলীর নামে রোডস এন্ড হাইওয়ে টু গছিডাঙ্গা রেল লাইন পর্যন্ত রাস্তার নামকরণ বিষয়ে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় এবং নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম/উপজেলা প্রকৌশলী/ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ **বিএডিসি (সেচ) ঃ**

উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ সভায় জানান, গনাইরকুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সন্ধ্যার পর গাঁজার আসর বসে। ফলে স্কুলের পরিবেশ বিনষ্ট হচ্ছে যা জরুরী ভিত্তিতে বন্ধ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার উক্ত বিদ্যালয়ের পরিবেশ ফিরিয়ে আনার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানাকে পরামর্শ প্রদান করেন।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার/ইউপি চেয়ারম্যান বঙ্গসোনাহাট/প্রধান শিক্ষক, গনাইরকুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ **শিলখুড়ী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, শিলখুড়ী ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নে পঙ্গু ভাতা জুলাই/২০২২ হতে বরাদ্দ থাকলেও উপকারভোগীগণ ভাতা পাচ্ছে না। তিনি সভায় আরো জানান প্রাথমিক শিক্ষা ব্যবস্থা দিন দিন ভেঙ্গে পড়ছে। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নকল্পে মনিটরিং জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ শিলখুড়ী ইউনিয়নে পঙ্গু ভাতা না পাওয়ার বিষয়টি খতিয়ে দেখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার ও প্রাথমিক শিক্ষার মান উন্নয়নকল্পে মনিটরিং জোরদার করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজলো সমাজসেবা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ **পাথরডুবী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ সভায় সর্বজয়া বিলের পার্শ্বে আশ্রয়ণ প্রকল্পের আওতায় ঘর নির্মাণ করার জন্য অনুরোধ জানান। সভায় গাঁওচুলকা ছিট মহল এলাকায় নির্মিত রাস্তাটি অক্ষুন্ন রাখার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পের আওতায় ঘর নির্মাণ করার বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক মতামত প্রদানের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাথরডুবী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১ **চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ নুরুজ্জামান সপ্তাহে ৫দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন। ফলে এলাকার কৃষক কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। তাছাড়া উক্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ নুরুজ্জামান এর আচরণ সন্তোষজনক নয় মর্মে সভায় অভিযোগ করেন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তার কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি খতিয়ে দেখা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার/চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩২ **উপজেলা পরিষদঃ**

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকতা গত নভেম্বর ২০২২ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে। বিধায় তা অনুমোদনের জন্য তিনি বিনীত অনুরোধ জানান।

**মাসের নাম ঃ নভেম্বর ২০২২**

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৪০০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৪০০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১০০০/- |
| ১১. | মোঃ আবুল হোসেন, উপজেলা পরিষদ ক্যান্টিন, ভূরুঙ্গামারীকে নভেম্বর/২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে নভেম্বর/২০২২ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, নভেম্বর/২০২২ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৪,১৮০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিষ্কারকরণের মজুরী বিল প্রদান | ৩,০০০/- |
| ১৫. | মোঃ আব্দুল লতিফ, ইউপি সদস্য ও প্রকল্প সভাপতি, ভূরুঙ্গামারী। উপজেলা কমপ্লেক্সের ওয়াশ রুম মেরামত করণ। ভ্যাটসহ | ১৫০০০০/- |
| ১৬. | মোঃ আব্দুল হাই, অফিস সহকারী, ইউএনও অফিস, ভূরুঙ্গামারী। মহান বিজয় দিবস ২০২২ উদযাপনের আপ্যায়ণ ব্যয় বাবদ অগ্রিম অর্থ প্রদান। (ভ্যাটসহ) | ৫০০০০/- |
| ১৭. | মোঃ গোলাম মোস্তফা, জীপ চালক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের পাজেরো জীপ গাড়ী মেরামত করণের জন্য আবেদন। (ভ্যাটসহ) | ১৬০৫০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় স্ট্যান্ডিং কমিটির সভার নোটিশ ও কার্যবিবরণী জরুরী ভিত্তিতে দাখিলের জন্য অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২২-১১৫৬

তারিখঃ ০৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ........................................................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ............................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ........................................................................................................................................
১২। অফিস কপি।

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।